গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রকল্প বাস্তবায়ন-৩ অধিশাখা

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০৯.০২.০০০.২০০৯-৭৬৬ তারিখ ঃ ১৭.১২.২০১৪ খ্রিঃ

বিষয়: কমিউনিটি ক্লিনিক পরিচালনার জন্য বেসরকারী খাত থেকে অর্থ সংগ্রহ ও ব্যবহারের লক্ষ্যে "স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট" গঠনের নিমিত্ত "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৪" -এর খসড়া প্রণয়ন প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, গত ০৮.০২.২০১২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে Revitalization of Community Health Care Initiatives in Bangladesh (RCHCIB) শীর্ষক প্রকল্পের "জাতীয় উপদেষ্টা পরিষদের" (National Advisory Council) ১ম সভার সিদ্ধান্ত অনুসারে বেসরকারী খাত থেকে অর্থ সংগ্রহ ও ব্যবহারের লক্ষ্যে "কমিউনিটি ক্লিনিক পরিচালনার জন্য স্বাস্থ্য সহায়তা ট্রাষ্ট আইন, ২০১৪" এর একটি খসড়া প্রণয়ণ করা হয়েছে।

২। প্রস্তাবিত খসড়া "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৪" এর বিষয়ে মতামত প্রদানের জন্য খসড়া আইনের কপি এতদসংগে প্রেরণ করা হলো ।

সংযুক্তি- বর্ণনামতে।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
ফোন ঃ ৯৫৪৯৫৪০

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
৩. সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৪৫.১৭৪.০০২.০৯.০২.০০০.২০০৯-৭৬৬/১(৪) তারিখ ঃ ১৭.১২.২০১৪খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ঃ

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্ম সচিব(প্রকল্প বাস্তবায়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪. সিস্টেম এনালিষ্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (প্রস্তাবিত খসড়া "কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৪" মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য এবং ১৫ দিন মতামত গ্রহণের জন্য)।

(ড. মো: এনামুল হক)
উপ সচিব
enamul70bd@gmail.com

# প্রস্তাবিত খসড়া কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৪

বাংলাদেশের গ্রামীন সুবিধাবঞ্চিত জনগণের দোড়গোড়ায় স্বাস্থ্য সেবা প্রদান করিবার লক্ষ্যে সরকারের পাশাপাশি বেসরকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে অর্থ সংগ্রহ ও ব্যবহারের মাধ্যমে কমিউনিটি ক্লিনিক পরিচালনায় স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট গঠনের জন্য প্রণীত আইন।

যেহেতু, বাংলাদেশের পল্লী এলাকায় বসবাসকারী প্রায় তিন-চতুর্থাংশ সুবিধাবঞ্চিত জনগণের সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করিবার লক্ষ্যে কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট নামে একটি ট্রাস্ট গঠন করা সমীচীন ও প্রয়োজনীয়;

যেহেতু, সরকারের পাশাপাশি বেসরকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে অর্থ সংগ্রহ ও ব্যবহারের মাধ্যমে কমিউনিটি ক্লিনিকগুলির স্বাস্থ্য সেবা স্থায়ী করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু, কমিউনিটি ক্লিনিকে বেসরকারী ব্যক্তি/প্রতিষ্ঠানের অংশীদারিত্ব তৈরি করা সমীচীন ও প্রয়োজনীয় ;

সেহেতু, এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন** ।- (১) এই আইন কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট আইন, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা** ।- বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে-

(ক) "ট্রাস্ট" অর্থ এই আইনের ধারা ৩ এর অধীন গঠিত কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট;

(খ) "ট্রাস্টি বোর্ড" অর্থ এই আইনের অধীন গঠিত ট্রাস্টি;

(গ) "সভাপতি" অর্থ ট্রাস্টি বোর্ডের সভাপতি;

(ঘ) "তহবিল" অর্থ ধারা ১১ এ উল্লিখিত ট্রাস্টি/ট্রাস্টি তহবিল;

(ঙ) "বিধি" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি;

(চ) "সদস্য" অর্থ ট্রাস্টি বোর্ডের সদস্য;

(ছ) "কমিউনিটি ক্লিনিক" অর্থ কমবেশী প্রতি ৬০০০ (ছয় হাজার) গ্রামীণ জনগোষ্ঠীর সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করিবার জন্য ইউনিয়ন পরিষদের প্রতিটি সাবেক ওয়ার্ডে স্থাপিত অন্যূন একটি করিয়া কমিউনিটি ক্লিনিক;

(জ) "কমিউনিটি গ্রুপ" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা গঠিত কমিউনিটি গ্রুপ;

(ঝ) "কমিউনিটি সাপোর্ট গ্রুপ" অর্থ এই আইনের অধীন প্রণীত বিধি দ্বারা গঠিত কমিউনিটি সাপোর্ট গ্রুপ;

(ঞ) "সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা অর্থ" এই আইনের অধীন প্রনীত বিধি দ্বারা নির্ধারিত প্রাথমিক স্বাস্থ্য সেবা।

**৩। ট্রাস্ট স্থাপন।-** (১) এই আইন বলবত হইবার পর, যতশীঘ্র সম্ভব, সরকার এই আইনের বিধান অনুযায়ী কমিউনিটি ক্লিনিক স্বাস্থ্য সহায়তা ট্রাস্ট নামে একটি ট্রাস্ট স্থাপন করিবে।

(২) ট্রাস্ট একটি সংবিধিবদ্ধ সংস্থা হইবে এবং ইহার স্থায়ী ধারাবাহিকতা ও একটি সাধারন সীলমোহর থাকিবে । ইহার স্থাবর ও অস্থাবর উভয় প্রকার সম্পত্তি অর্জন করিবার, অধিকারে রাখিবার এবং হস্তান্তর করিবার ক্ষমতা থাকিবে এবং ইহা মামলা দায়ের করিতে পারিবে এবং ইহার বিরুদ্ধেও মামলা দায়ের করা যাইবে।

**৪। ট্রাস্টের কার্যালয়।-** (১) ট্রাস্টের প্রধান কার্যালয় ঢাকায় থাকিবে।

(২) ট্রাস্টি বোর্ড, প্রয়োজনবোধে, সরকারের পূর্বানুমোদনক্রমে, বাংলাদেশের যে কোন স্থানে উহার শাখা কার্যালয় স্থাপন করিতে পারিবে।

**৫। ট্রাস্টের লক্ষ্য।-** ট্রাস্টের লক্ষ্য নিম্নরূপ, যথা:-

(ক) গ্রামীন সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা নিশ্চিত করা;

(খ) বেসরকারী ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা ও বিদেশী ব্যক্তি/দাতা সংস্থা/প্রতিষ্ঠানের নিকট থেকে অর্থ সংগ্রহ ও ব্যবহারের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা।

**৬। ট্রাস্টের উদ্দেশ্য।-** ট্রাস্টের উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা:-

(ক) সরকারের উন্নয়ন বা অনুন্নয়ন বাজেটের বাহিরে বিশেষ প্রয়োজনে গ্রামীন সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানের জন্য এই ট্রাস্টের তহবিল ব্যবহার করা;

(খ) গ্রামীন জনগোষ্ঠীর মাঝে উন্নতমানের স্বাস্থ্য সেবা নিশ্চিত করা এবং কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদানকে টেকসই (Sustainable) করা;

(গ) স্থানীয় জনসাধারণের মাঝে অংশীদারিত্বমূলক মনোভাব তৈরির লক্ষ্যে স্বাস্থ্য সেবার মান উন্নয়নে তাদের পরামর্শ /মতামতের ভিত্তিতে ট্রাস্টের তহবিল থেকে আর্থিক সাহায্য/মঞ্জুরী প্রদান করা;

(ঘ) কমিউনিটি ক্লিনিক মেরামত ও রক্ষণাবেক্ষণের ব্যয়সহ বিদ্যুৎ বিল প্রদান ও অন্যান্য ব্যয় নির্বাহের জন্য ট্রাস্টের তহবিল ব্যবহার করা;

(ঙ) সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবাসহ মাতৃস্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে এম.এস.আর. (মেডিকেল এবং সার্জিকেল রিকুইজিট ) সামগ্রী ক্রয়ের লক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান করা;

(চ) বিশেষ ক্ষেত্রে অতি দরিদ্র রোগীর (কমিউনিটি গ্রুপ কর্তৃক চিহ্নিত) উন্নত চিকিৎসার জন্য উচ্চতর পর্যায়ে প্রেরণের ব্যয় নির্বাহ করা;

(ছ) কমিউনিটি ক্লিনিকের সাথে উপজেলা ও জেলা পর্যায়ের একটি কার্যকর রেফারেল পদ্ধতি প্রতিষ্ঠার জন্য প্রয়োজনে তহবিলের অর্থ ব্যবহার করা।

**৭। সাধারণ পরিচালনা।**—ট্রাস্টের পরিচালনা ও প্রশাসন একটি ট্রাস্টি বোর্ডের উপর ন্যস্ত থাকিবে এবং ট্রাস্ট যে সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে উক্ত ট্রাস্টি বোর্ডও সেই সকল ক্ষমতা প্রয়োগ ও কার্য সম্পাদন করিতে পারিবে।

৮। **ট্রাস্টি বোর্ড গঠন।**- (১) ট্রাস্টি বোর্ড নিম্নবর্ণিত সদস্যদের সমন্বয়ে গঠিত হইবে, যথা:-

(ক) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী, যিনি উহার সভাপতিও হইবেন;

(খ) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত প্রতিমন্ত্রী যিনি উহার সহ-সভাপতি হইবেন;

(গ) সচিব, অর্থ বিভাগ,অর্থ মন্ত্রনালয়;

(ঘ) সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, যিনি পদাধিকার বলে বোর্ডের সদস্য-সচিব হইবেন;

(ঙ) সচিব,স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;

(চ) সচিব, শিক্ষা মন্ত্রণালয়;

(ছ) সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়;

(জ) সচিব, ভূমি মন্ত্রণালয়;

(ঝ) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়;

(ঞ) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়;

(ট) সচিব,অর্থনৈতিক সম্পর্ক বিভাগ; অর্থ মন্ত্রণালয়;

(ঠ) সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;

(ড) সদস্য, সাধারন অর্থনৈতিক বিভাগ , পরিকল্পন কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা;

(ঢ) মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা ;

(ণ) মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা;

(ত) সভাপতি, বাংলাদেশ মেডিকেল এসোসিয়েন ;

(থ) সভাপতি বাংলাদেশ ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার'স অফ কমার'স এন্ড ইন্ডাসট্রি;

(দ) সভাপতি, বাংলাদেশ ঔষধ শিল্প সমিতি;

(ধ) সরকার কর্তৃক মনোনীত ৫ জন বিশিষ্ট ব্যক্তি (অন্যূন ৩ জন চিকিৎসাবিদ)।

(২) উপ-ধারা (১) এর (ধ) এর অধীনে মনোনীত সদস্যগণ তাহাদের মনোনয়নের তারিখ হইতে ৩ (তিন) বৎসর পর্যন্ত সদস্য পদে বহাল থাকিবেন;

তবে শর্ত থাকে যে, উক্ত মেয়াদ শেষ হইবার পূর্বে সরকার, যে কোন মনোনীত সদস্যকে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে তাহার দায়িত্ব হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে:

আরও শর্ত থাকে যে, সরকারের উদ্দেশ্যে স্বাক্ষরযুক্ত পত্রযোগে উক্তরূপ কোন সদস্য স্বীয় পদ ত্যাগ করিতে পারিবেন।

**৯। ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলী।**– ট্রাস্টি বোর্ডের দায়িত্ব ও কার্যাবলী হইবে নিম্নরূপ, যথা:-

(ক) কমিউনিটি ক্লিনিক এলাকায় সুবিধাবঞ্চিত জনগণের সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা প্রদান নিরবচ্ছিন্ন (Uninterected) করা;

(খ) ট্রাস্টের তহবিলের জন্য অর্থ সংগ্রহ ও ব্যবহার করা;

(গ) কমিউনিটি ক্লিনিকের সামগ্রিক কার্যক্রম মূল্যায়নে পরামর্শক নিয়োগ করা এবংপরামর্শক কর্তৃক দাখিলকৃত মূল্যায়ন প্রতিবেদন পরীক্ষা করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা;

(ঘ) ট্রাস্টের সকল স্থাবর/অস্থাবর সম্পত্তি রক্ষণাবেক্ষণ ও হেফাজতকরণ;

(ঙ) সমিন্বত প্রাথমিক স্বাস্থ্য সেবা কর্মসূচী/কার্যক্রমে স্থানীয় সরকার প্রতিষ্ঠানসহ বেসরকারী সংস্থা এবং সমাজের বিত্তশালীদের সম্পৃক্তকরণ;

(চ) কমিউনিটি গ্রুপ এবং কমিউনিটি সাপোর্ট গ্রুপকে কার্যকর ও গতিশীল করা;

(ছ) কমিউনিটি ক্লিনিকের কল্যাণে গৃহীত অন্যান্য প্রয়োজনীয় কার্যাবলী গ্রহন করা।

**১০। বোর্ড সভা।—(১)** এই ধারার অন্যান্য বিধান সাপেক্ষে, ট্রাস্টি বোর্ড উহার সভার কার্যপদ্ধতি নির্ধারণ করিতে পারিবে।

(২) বোর্ড সভা, উহার সভাপতির সম্মতিক্রমে উহার সদস্য-সচিব কর্তৃক আহূত হইবে এবং সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হইবে;

তবে শর্ত থাকে যে, প্রতি ৬ (ছয়) মাসে বোর্ডের অন্যূন একটি সভা অনুষ্ঠিত হইবে। তবে জরুরি প্রয়োজনে সভাপতি যে কোন সময় বোর্ডের সভা আহবান করিতে পারিবেন।

(৩) সভাপতি বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন, সভাপতির অনুপস্থিতিতে সহ-সভাপতি এবং তাহাদের উভয়ের অনুপস্থিতিতে সভায় উপস্থিত সদস্যগণ কর্তৃক তাহাদের মধ্যে হইতে মনোনীত কোন সদস্য বোর্ডের সভায় সভাপতিত্ব করিবেন ।

(৪) বোর্ডের সভায় কোরামের জন্য মোট সদস্য সংখ্যার অন্যূন এক-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতি প্রয়োজন হইবে, তবে মূলতবী সভার ক্ষেত্রে কোরামের প্রয়োজন হইবে না।

(৫) বোর্ডের সভায় উহার প্রত্যেক সদস্যের একটি করিয়া ভোট থাকিবে এবং সমতার ক্ষেত্রে সভায় সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকিবে।

(৬) স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রকল্প বাস্তবায়ন অধিশাখা বোর্ডের সাচিবিক দায়িত্ব পালন করিবে।

**১১। ট্রাস্টের তহবিল।**—(১) ট্রাস্টের নামে একটি তহবিল থাকিবে এবং উহা নিম্নরূপ দুইটি অংশে বিভক্ত থাকিবে, যথা:-

(ক) স্থায়ী তহবিল; এবং

(খ) চলতি তহবিল।

(২) উপ-ধারা (১) (ক) এর অধীনে গঠিত স্থায়ী তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত এককালীন অর্থ; এবং

(খ) উক্তরূপে জমাকৃত অর্থ হইতে প্রাপ্ত লভ্যাংশের সমুদয় বা কিছু অংশ ।

(৩) স্থায়ী তহবিলের অর্থ কোন তফসিলি ব্যাংকে জমা রাখিতে হইবে এবং ট্রাস্টের কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে উক্ত তহবিলের অর্থ ব্যয় করা যাইবে না;

তবে শর্ত থাকে যে, বোর্ডের পূর্বানুমোদনক্রমে কমিউনিটি এলাকায় সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীকে স্বাস্থ্য সহায়তায় কার্যক্রমে উক্ত তহবিলের অর্থ ব্যয় করা যাইবে।

(৪) উপ-ধারা (১) (খ) এর অধীন গঠিত চলতি তহবিলে নিম্নবর্ণিত অর্থ জমা হইবে, যথা:-

(ক) সরকার কর্তৃক প্রদত্ত জাতীয় বাজেট হতে প্রাপ্ত অর্থ;

(খ) স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক দান ও অনুদান;

(গ) বিভিন্ন অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের (ব্যাংক,বীমা) আর্থিক সহায়তা;

(ঘ) প্রবাসীদের আর্থিক সহায়তা;

(ঙ) সরকার অনুমোদিত দাতা দেশ, সংস্থা ও প্রতিষ্ঠান হইতে প্রাপ্ত অর্থ;

(চ) সরকার অনুমোদিত দেশী ও বিদেশী উৎস হইতে প্রাপ্ত অর্থ;

(ছ) সরকার অনুমোদিত অন্য কোন উৎস হইতে প্রাপ্ত অর্থ।

(জ) সমাজের বিত্তবান, শিল্পপতি ও ব্যবসায়ীদের নিকট হতে প্রাপ্ত অনুদান ।

(৫) উপ-ধারা (৪) এ উল্লিখিত চলতি তহবিলের অর্থ যে কোন তফসিলি ব্যাংকে একটি হিসাবে জমা রাখিতে হইবে এবং উক্তরূপ অর্থ হইতে ট্রাস্টের যে কোন কার্য সম্পাদনের উদ্দেশ্যে যাবতীয় ব্যয় নির্বাহ করা যাইবে।

(৬) উপ-ধারা (১) এ উল্লিখিত তহবিলের ব্যাংক হিসাব ট্রাস্টি বোর্ড কর্তৃক বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে পরিচালিত হইবে।

(৮) তহবিলে জমাকৃত অর্থের মুনাফা বা অর্জিত সুদ হইতে সমন্বিত প্রাথমিক স্বাস্থ্য সেবা সহায়তার জন্য অর্থ প্রদান করা যাইবে।

**১২। ব্যাংক হিসাব** ।-ট্রাস্টি বোর্ডের অনুমোদনক্রমে ব্যাংক হিসাব খোলা হইবে এবং সদস্য-সচিবের স্বাক্ষরে এই হিসাব পরিচালিত হইবে।

**১৩। বাজেট**।—বোর্ড প্রতি বৎসর নির্দিষ্ট সময়ের মধ্যে পরবর্তী অর্থ বৎসরের বার্ষিক বাজেট বিবরণী সরকারের নিকট পেশ করিবে এবং উহাতে উক্ত অর্থ বৎসরে সরকারের নিকট হইতে ট্রাস্টের জন্য প্রয়োজনীয় অর্থের পরিমাণ উল্লেখ থাকিবে।

**১৪। হিসাবরক্ষণ ও নিরীক্ষা**।— (১) ট্রাস্ট উহার আয়-ব্যয়ের যথাযথ হিসাবসংরক্ষণ করিবে এবং হিসাবের বার্ষিক বিবরণী প্রস্তুতি করিবে।

(২) বাংলাদেশের মহাহিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক, অত:পর মহাহিসাব নিরীক্ষক নামে অভিহিত, প্রতি বৎসর ট্রাস্টের হিসাব নিরীক্ষা করিবেন এবং নিরীক্ষা রিপোর্টের একটি করিয়া অনুলিপি সরকার ও বোর্ডের নিকট পেশ করিবেন।

(৩) উপ-ধারা (২) অনুযায়ী হিসাব নিরীক্ষার উদ্দেশ্যে মহাহিসাব-নিরীক্ষক কিংবা তাহার নিকট হইতে এতদুদ্দেশ্যে ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি ট্রাস্টের সকল রেকর্ড, দলিল-দস্তাবেজ, নগদ বা ব্যাংক গচ্ছিত অর্থ, জামানত, ভান্ডার এবং অন্যবিধ সম্পত্তি পরীক্ষা করিয়া দেখিতে পারিবেন।

**১৫। ক্ষমতা অর্পণ।**–ট্রাস্টি বোর্ড এই আইন বা বিধি অধীন উহার যে কোন ক্ষমতা, প্রয়োজনবোধে এবং নির্ধারিত শর্তসাপেক্ষে, সভাপতি বা অন্য কোন সদস্য, বা অন্য কোন কর্মকর্তার নিকট অর্পণ করিতে পারিবে।

**১৬। প্রতিবেদন।**–(১) ট্রাস্ট প্রতি বৎসর ৩০শে জুনের মধ্যে পূর্ববর্তী বৎসরের সম্পাদিত কার্যাবলীর খতিয়ান সম্বলিত একটি প্রতিবেদন সরকারের নিকট পেশ করিবে।

(২) সরকার প্রয়োজনমত ট্রাস্ট নিকট হইতে যে কোন সময় উহার যে কোন বিষয়ের উপর প্রতিবেদন এবং বিবরণী তলব করিতে পারিবে এবং ট্রাস্ট সরকারের নিকট উহা সরবরাহ করিতে বাধ্য থাকিবে।

**১৭। দায়মুক্তি।**–এই আইন, বিধি বা প্রবিধানের অধীন সরল বিশ্বাসে কৃত কোন কাজের ফলে কোন ব্যক্তি ক্ষতিগ্রস্ত হইলে বা হওয়ার সম্ভাবনা থাকিলে তজ্জন্য ট্রাস্টের কোন সদস্য, কর্মকর্তা বা কর্মচারীর বিরুদ্ধে কোন দেওয়ানী বা ফৌজদারী মামলা বা অন্য কোন আইনগত কার্যধারা দায়ের করা যাইবে না।

**১৮। বিধি প্রণয়নের ক্ষমতা।–এই** আইনের উদ্দেশ্য পূরণকল্পে সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা বিধি প্রণয়ন করিতে পারিবে।

**১৯। ইংরেজিতে অনূদিত পাঠ প্রকাশ।**–(১)এই আইন কার্যকর হইবার পর সরকার, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English text) প্রকাশ করিবে।

(২) বাংলা ও ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।